

Times Today BD

জিএম সিরাজ | জেলার খবর | 27 March, 2025

নতুন করে যারা ফ্যাসিবাদী করার চেষ্টা করবে তাদেরকে ইন্ডিয়া পাঠানো হবে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির কেন্দ্রীয় কমিটির যুগ্ম আহ্বায়ক ড. আতিক মোজাহিদ।

বৃহস্পতিবার (২৭ মার্চ) সন্ধ্যায় উলিপুর অডিটরিয়াম হলরুমে জুলাই গণঅভ্যুত্থানে মহান শহীদ ও আহত যোদ্ধাদের স্মরণে জাতীয় নাগরিক পার্টি আয়োজনে

ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে এ মন্তব্য করেন তিনি।

ড.আতিক মোজাহিদ বলেন, ১৭ বছর বাপ-বেটির গল্প বলতে বলতে আমাদের ব্রেনকে ওয়াশ করা হয়েছে।আফসোসের বিষয় শেখের বেটি ব্যর্থ হয়েছে।

ছাত্রলীগ এমন কোনো জায়গা নেই যেখানে গুম, খুন, ধর্ষণ, চাঁদাবাজি করেনি।

তিনি আরো বলেন, কুড়িগ্রামকে বলা হয় প্রাণের কুড়িগ্রাম।এই প্রাণের কুড়িগ্রামকে স্পেশাল বরাদ্দ দেওয়া হবে।এ প্রজন্ম নেতাদের পক্ষে স্লোগান দিতে দিতে শেষ হয়ে গেছে।এখন তারা নিজেরা কর্মক্ষম হবে।শিক্ষকদের পেনশনের আট হাজার কোটি টাকা শেখ হাসিনা মেরে দিয়েছে।এই রাষ্ট্র মুজিববাদের না, এটি সকলের রাষ্ট্র বলেও মন্তব্য করেন তিনি।

এ সময় জাতীয় নাগরিক পার্টির উলিপুর উজেলার শাখার সংগঠক সাখাওয়াত হোসাইনের সভাপতিত্বে বক্তব্য রাখেন, উলিপুর উপজেলা বিএনপির সদ্য সাবেক সভাপতি হায়দার আলী মিঞা, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কুড়িগ্রাম জেলার সদস্য সচিব ফয়সাল আহমেদ সাগর, জাতীয় নাগরিক কমিটির কুড়িগ্রাম সদর উপজেলার সংগঠক মুকুল মিয়া, উলিপুর উপজেলার সংগঠক ডা. আতা এলাহি, ইসলামী আন্দোলন বাংলাদেশ উলিপুর দক্ষিণ শাখার সাধারণ সম্পাদক মা. আরিফুল ইসলাম প্রমুখ।

ব্রেনকে ওয়াশ জাতীয় নাগরিক পার্টি ছাত্রলীগ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 00:41

URL: <https://www.timestodaybd.com/countrywide/123775807>